## ভর্তি প্রক্রিয়া

- শিশু শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য ১ নভেম্বর থেকে ভর্তি ফরম বিতরণ শুরু হয়। অতঃপর ২৫ ডিসেম্বর ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে ভর্তি করা হয়।
- আলিম শ্রেণিতে মাদরাসা শিক্ষাবোর্ডের দাখিল কেন্দ্রীয় পরীক্ষার ফলাফল প্রকাশের পর এবং ফাযিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) শ্রেণিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশের পর ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হয়।
- ভর্তি বিজ্ঞপ্তি বিভিন্ন মাধ্যমে প্রচার করা হয়। অনলাইন-ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দেয়া হয়।
- ভর্তি পরীক্ষার বিষয়সমূহ শ্রেণিভিত্তিক বাংলা, ইংরেজি, আরবী, গণিত ও সাধারণ জ্ঞান।
- শিশু এবং প্রথম শ্রেণিতে শুধু মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়।
- দ্বিতীয় থেকে নবম শ্রেণি পর্যন্ত লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হয়।
- যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী শ্রেণির বর্ণিত বিষয়গুলো অনুশীলন করতে হবে।

## ভর্তি সংক্রান্ত ফি হার নিম্নরূপ

| | |
|---|---|
| **প্রথম থেকে পঞ্চম শ্রেণি:** | **৬৭০/=** |
| **ষষ্ঠ থেকে দশম শ্রেণি:** | **১৫০০/=** |
| **ডে-কেয়ার** | **১৫০০/=** |

## আমাদের ব্যতিক্রমধর্মী আয়োজন

০১. মা'হাদুল লুগাহ (ভাষা শিক্ষা) : আরবি ও ইংরেজি ভাষায় কথোপকথনের যোগ্যতা অর্জনের নিমিত্তে আরবি ও ইংরেজি ভাষায় দক্ষ শিক্ষক/শিক্ষিকামন্ডলী দ্বারা বিশেষ কোর্সের ব্যবস্থা।

০২. সাপ্তাহিক তা'লীম-তারবিয়্যাহ ক্লাস : প্রতি বৃহস্পতিবার নির্দিষ্ট বিষয়ের উপর বিশেষ ক্লাসের ব্যবস্থা। পর্যায়ক্রমে প্রত্যেক শ্রেণি মাসে একটি তা'লীম-তারবিয়্যাহ ক্লাস পাবে। ক্লাসের বিষয়সমূহের মধ্যে যেমনঃ পিতা-মাতার প্রতি কর্তব্য, সালাত তরক করার ভয়াবহ পরিণাম, সন্ত্রাস ও মাদকের ভয়াবহতা, পর্দা-ই নারীর ভূষণ, মিথ্যা ও তার ভয়াবহ পরিণাম, সালামের গুরুত্ব ও তাৎপর্য, কুরআন মাজীদ তিলাওয়াতের গুরুত্ব ও ফযীলত ইত্যাদি।

০৩. প্রতিভার সন্ধানে আমাদের আয়োজন : প্রতিভার সন্ধানে প্রতি বৃহস্পতিবার পাঁচটি বিষয়ে স্ব-স্ব শ্রেণিকক্ষে বাছাইয়ের ব্যবস্থা। বিষয়গুলো হলো কুরআন তিলাওয়াত, হামদ-নাত, আবৃত্তি, বক্তৃতা, বিতর্ক। বাছাই পর্বে প্রতিক্লাস থেকে ০৩ জন নিয়ে দ্বিতীয় রাউন্ড। দ্বিতীয় রাউন্ডে নিম্নরূপ গ্রুপ হয়:
প্রথম–তৃতীয়,চতুর্থ-পঞ্চম,৬ষ্ঠ-৮ম,নবম–দশম,আলিম-কামিল।
এবার প্রত্যেক গ্রুপ থেকে ০৩ জন করে ফাইনাল পর্বের জন্য । এভাবে সারাবছর সহপাঠ্যক্রম কার্যবলি অব্যাহত থাকে।

০৪.ডে-কেয়ার পদ্ধতি: একাডেমিক ক্লাস ছুটির পর শ্রেণি ও গ্রুপভিত্তিক বিশেষ ক্লাসের ব্যবস্থা। প্রতিটি গ্রুপে শিক্ষার্থীর সংখ্যা ২০-৩০। সকল ক্লাসের আরবি, গণিত, ইংরেজি বিষয়ের ক্লাস বাধ্যতামূলক।

০৫. অ্যাসেম্বলীতে Spoken Practice : নিয়মিত অ্যাসেম্বলীতে কুরআন তিলাওয়াত ও জাতীয় সংগীতের পাশাপাশি সপ্তাহে তিন দিন আরবী ও তিন দিন ইংরেজি কথাবার্তা Practice করানোর উদ্যোগ ।

০৬. বোর্ড পরীক্ষার্থীদের বিশেষ Care : বোর্ড পরীক্ষার্থীদের জন্য প্রতি ১৫ জনে এক জন শিক্ষক Guide Teacher হিসেবে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ পর্যন্ত বিশেষ তত্ত্বাবধান ও পর্যবেক্ষণের ব্যবস্থা। সাপ্তাহিক পরীক্ষা গ্রহণ, Home Visit, দুর্বলদেরকে চিহ্নিত করে অভিভাবকদের সাথে Co-oparation, Hand note দেখা ইত্যাদি বিশয়ে তিনি দায়িত্ব পালন করেন। ফাযিল এবং কামিল পরীক্ষার্থীদের জন্য টেস্টের পর কেন্দ্রীয় পরীক্ষার পূর্ব পর্যন্ত বিশেষ গাইডলাইনমূলক ক্লাস নেয়া হয়।

০৭. বিষয়ভিত্তিক Inhouse শিক্ষক প্রশিক্ষণ : চতুর্থ শ্রেণি থেকে আলিম শ্রেণি পর্যন্ত নাহু-ছরফসহ ইংরেজি, গণিত, বিজ্ঞান, কুরআন-হাদীস ও ফিকহ ইত্যাদি বিষয়ে আলাদা আলাদাভাবে পাঠদানকারী শিক্ষক/ শিক্ষিকাদের নিয়ে হাতে-কলমে প্রশিক্ষণের ব্যবস্থা। অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ বিষয়ভিত্তিক দক্ষ শিক্ষকগণ এই প্রশিক্ষণ প্রদান করবেন।

০৮. পরিবহন ব্যবস্থা : যেকোনো শিক্ষার্থী নিরাপদ যাতায়াতের জন্য প্রয়োজনে পরিবহণ চালু করার পরিকল্পনা রয়েছে।

০৯. মাহে রমযানের কর্মসূচি : ১ রমযান থেকে ২০ রমযান পর্যন্ত সহীহ কুরআন শিক্ষা ও নাহু-ছরফের বিশেষ ক্লাসের ব্যবস্থা। যে কোনো বয়সের আগ্রহী শিক্ষার্থী এতে অংশগ্রহণ করতে পারে।

১০. আলিম ফাউন্ডেশন কোর্স : বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আলিম শ্রেণিতে ভর্তি হওয়া ছাত্রীদের জন্য নাহু-ছরফ, Basic English, বিজ্ঞান, সহীহ কুরআন শিক্ষা ইত্যাদি বিষয়ে মাসব্যাপী আলিম ফাউন্ডেশন ক্লাসের ব্যবস্থা।

১১. অনলাইন প্রক্রিয়া : আমাদের Website -থেকে ভর্তি ফরম ডাউনলোড করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা। এ ছাড়া আমাদের ওয়েবসাইটে অভ্যন্তরীণ পরীক্ষার রুটিন, রেজাল্টসহ মাদরাসার বিভিন্ন তথ্য জানার সুযোগ রয়েছে।

১২. মেসেজ পদ্ধতি : কোনো ছাত্রী ক্লাসে অনুপস্থিত থাকলে সাথে সাথে অভিভাবকের নিকট প্রতিষ্ঠানের পক্ষ থেকে মেসেজ পাওয়া এবং ফরম পূরণ, অভিভাবক সমাবেশ, সবক অনুষ্ঠানসহ যাবতীয় আয়োজনের ক্ষেত্রে গ্রুপ মেসেজ দিয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা রয়েছে।

## অভিভাবকদের জন্য জ্ঞাতব্য বিষয়

- নিজ নিজ সন্তানের মাদরাসায় উপস্থিতি নিশ্চিত করা।
- বিনা অনুমতিতে সন্তান মাদরাসায় অনুপস্থিত থাকলে প্রতিষ্ঠানকে অবগত করানো।
- মাদরাসার ইউনিফর্ম পরিধান করে মাদরাসায় আসার ব্যাপারে যত্নশীল হওয়া।
- সন্তানের মানোন্নয়নে মাদরাসা কর্তৃপক্ষের আহ্বানে সাড়া দেয়া।
- মাদরাসার ডায়েরি নিয়মিত পর্যবেক্ষণ ও স্বাক্ষর করা।
- মাদরাসা কর্তৃক ঘোষিত অভিভাবক সমাবেশে উপস্থিত থাকা।
- সন্তানের কল্যাণ কামনায় নিয়মিত আল্লাহর নিকট দু'আ করা।
- মোবাইল ফোন ব্যবহার করাকে সম্পূর্ণ নিরুৎসাহিত করা।
- নিরাপদ সড়কের নিয়ম মেনে চলাচল করা।

**সন্তান আপনার, তাকে সু শিক্ষায় শিক্ষিত করে আদর্শ সু-নাগরিক করে গড়ে তোলার দায়িত্ব আমাদের।**

# ভর্তি চলছে

আবাসিক | অনাবাসিক | ডে-কেয়ার

## সবজানেনেসা মহিলা কামিল (এমএ) মাদ্রাসা, ফরিদপুর।

একটি আধুনিক মানসম্মত সমন্বিত শিক্ষা প্রতিষ্ঠান

# যোগাযোগ


☎ ০১৩০৯-১০৮৭৮৭ (অফিস)
☎ ০১৯১৩-১০৫৭৪২ (অধ্যক্ষ)
☎ ০১৯১১-২০৭০০১ (উপাধ্যক্ষ)
✉ sabjannesamkamilmadrasha@gmail.com
www.smkm.edu.bd

## অধ্যক্ষের বানী

সকল প্রশংসা মহান আল্লাহ তা'য়ালার জন্য যিনি আমাকে ঐশী জ্ঞানে সমৃদ্ধ দ্বীনি প্রতিষ্ঠানের দায়িত্ব পালন করার সুযোগ দান করেছেন। দূরুদ ও সালাম পেশ করছি মানবতার মহান শিক্ষক হযরত মুহাম্মাদ (সঃ) এর প্রতি যিনি নিজেকে শিক্ষক হিসেবে পরিচয় দিয়েছেন। রুহের মাগফিরাত কামনা করছি তাদের যারা এ পর্যন্ত এ প্রতিষ্ঠানের খেদমত করে পরকালে পাড়ি জমিয়েছেন।

সবজানেনসা মহিলা কামিল (এমএ) মাদ্রাসা- ফরিদপুর শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত একটি আবাসিক ও অনাবাসিক আদর্শ উচ্চতর দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান। আমাদের দেশের দ্বিমুখী শিক্ষাব্যবস্থার প্রেক্ষাপটে ইসলাম ও সাধারণ শিক্ষার বাস্তব সমন্বয় সাধন করে আদর্শ নারী জাতী গঠনে প্রতিষ্ঠানটি অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমি দৃঢ় বিশ্বাস করি। আল্লাহ আমাদের সহায় হউক। আমিন।

## অবস্থান

ঢাকা বিভাগের ফরিদপুর জেলার ফরিদপুর শহরের প্রানকেন্দ্রে ফরিদপুর পৌরসভার ১৫ নং ওয়ার্ডের পূর্ব খাবাসপুর-এ আমাদের প্রতিষ্ঠানটি অবস্থিত ।

## প্রতিষ্ঠানের প্রেক্ষাপট

১৯৭৯ সালে ফরিদপুর শহরে কিছু সংখ্যক গন্যমান্য ব্যক্তিবর্গ যেমন মরহুম আলহাজ্ব আব্দুর রশিদ সাহেব, মরহুম আলহাজ্ব বদিয়ার রহমান মোল্লা সাহেব, মরহুম আলহাজ্ব মাওলানা মোহাম্মদ জাকারিয়া সাহেব, মরহুম মোহাম্মদ আরশাদ মিয়া সাহেব, মরহুম শাখাওয়াত উকিল এবং অন্যান্য এলাকার ব্যক্তিবর্গ মহিলাদের দ্বীনি শিক্ষার উন্নয়নের চিন্তা করে ফরিদপুর পৌরসভার তৎকালিন চেয়ারম্যান ফজলুল করিম চানমিয়া এর সহযোগীতায় একখন্ড জমি পাওয়ার পরে উক্ত সকল ব্যাক্তিবর্গের অক্লান্ত প্রচেষ্টায় ফুরফুরা শরীফের মরহুম আব্দুল কাহ্হার পীর সাহেবকে দিয়ে অত্র সবজানেনসা মহিলা মাদ্রাসা উদ্বোধন করেন। অনেক প্রচেষ্টার পরেও অত্র মাদ্রাসাটি আস্তে আস্তে জীর্ণসির্ণ অবস্থায় পৌছে যায়। ঠিক ঐ মুহূর্তে মরহুম আব্দুর রহিম মিয়া ও প্রাক্তন অধ্যক্ষ (সারদা সুন্দরী মহিলা কলেজ) মানছুরুর রহমান আরও অধ্যাপক শাহেদ আলী, অধ্যাপক আব্দুল বাতেন সহ অন্যান্য ব্যাক্তিবর্গের সহযোগীতায় বিশেষ করে মরহুম আব্দুর রহিম মিয়া ও মরহুম আলহাজ্ব আব্দুল করিম মিয়ার অক্লান্ত প্রচেষ্টায় ১৯৮৫ সালে অত্র মাদ্রাসার গৃহ নির্মাণ কাজ সম্পন্ন হয়ে দাখিল পর্যায়ে ১ম মঞ্জুরী লাভ করে। বর্তমান প্রতিষ্ঠানটি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা অধিভুক্ত কামিল (স্নাতকোত্তর হাদিস) বিভাগ পর্যন্ত চালু রয়েছে।

## স্তরভিত্তিক সরকারী অনুমোদন

- ❖ দাখিল (মাধ্যমিক) : ০১ জুন ১৯৮৫ খ্রি:
- ❖ আলিম (উচ্চ মাধ্যমিক) : ০১ সেপ্টেম্বর ১৯৯০ খ্রি:
- ❖ ফাযিল (স্নাতক) পাস : ০১ জুলাই ২০১৯ খ্রি:
- ❖ কামিল (স্নাতকোত্তর) হাদীস : ২৩ অক্টোবর ২০১৯ খ্রি: (অধিভুক্তি)

## পাঠ্যক্রম

১ম শ্রেণি থেকে আলিম শ্রেণি পর্যন্ত বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড এবং ফাযিল স্নাতক ও কামিল স্নাতকোত্তর শ্রেণিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুসরণ করা হয়। বিশুদ্ধ কুরআন তিলাওয়াত শিখানোর জন্য নূরানী পদ্ধতিতে কুরআন শিক্ষার বিশেষ ব্যবস্থা রয়েছে।

## সহ-পাঠ্যক্রম

- ❖ আরবি ও ইংরেজি ভাষায় বিতর্ক অনুষ্ঠান, অনুশীলনী বক্তৃতা, ক্বিরাত, হামদ-নাত, সাপ্তাহিক আলোচনা সভা ইত্যাদি।
- ❖ শরীরচর্চা, শরীয়তসম্মত সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়ানুশীলন।
- ❖ সাহিত্য সাময়িকী, বার্ষিকী প্রকাশ এবং, বিভিন্ন ভাষায় দেয়ালিকা প্রকাশ।
- ❖ সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন প্রতিযোগিতায় অংশ গ্রহণ।
- ❖ বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান।
- ❖ বিভিন্ন দিবস এবং সরকারী নির্দেশনা অনুযায়ী বিভিন্ন কর্মসূচি পালন।

## শ্রেণিবিন্যাস ও শিক্ষার্থী সংখ্যা

- ❖ ১ম শ্রেণি থেকে কামিল-মাস্টার্স শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়।
- ❖ কামিল-মাস্টার্স (২ বছর মেয়াদী) শ্রেণিতে হাদীস বিভাগ চালু আছে।
  ফাযিল-স্নাতক (৩ বছর মেয়াদী) বিভাগ।
- ❖ দাখিল শ্রেণিতে সাধারণ ও বিজ্ঞান বিভাগ রয়েছে।
- ❖ শিশু থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী উভয়ের অধ্যয়নের ব্যবস্থা।
- ❖ বর্তমানে ছাত্রীসংখ্যা প্রায় পাঁচশত।
- ❖ শিশু থেকে আলিম ক্লাস শুরু সকাল ৮.৩০ মিনিট । ফাযিল এবং কামিল শ্রেণির ক্লাস শুরু সকাল ১০.০০ টায়।

## পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি

- ❖ শিশু শ্রেণি হতে দশম শ্রেণি পর্যন্ত সাপ্তাহিক ও মাসিক পরীক্ষা।
- ❖ শিশু হতে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পরীক্ষা গ্রহণ।
- ❖ আলিম শ্রেণিতে কেন্দ্রীয় পরীক্ষায় অংশগ্রহণকারীর জন্য মডেল টেস্টসহ বিশেষ তত্ত্বাবধানের ব্যবস্থা।
- ❖ ফাযিল ও কামিল শ্রেণিতে বিশেষ ও নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হয়।
- ❖ তৃতীয় শ্রেণি হতে দশম শ্রেণি পর্যন্ত সাময়িক পরীক্ষা থেকে ২০% নম্বর নিয়ে বার্ষিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে চূড়ান্ত ফলাফল নির্ধারণ করা হয়।
- ❖ পঞ্চম শ্রেণি থেকে কামিল পর্যন্ত সকল পরীক্ষা গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হয়।

## ইউনিফর্ম

**শিশু শ্রেণি থেকে ১০ শ্রেণি**: ফিরোজা রঙয়ের জামা/ ফ্রক, সাদা সেলোয়ার, সাদা স্কার্ফ, সাদা কেডস্ ও সাদা মোজা এবং নেভী ব্লু সোয়েটার (শীতকালীন)।

- ❖ আকাশী রঙয়ের জামা/ ফ্রক, সাদা সেলোয়ার, সাদা স্কার্ফ, সাদা কেডস্ ও সাদা মোজা ( শীতকাল ব্যতীত)।

**আলিম শ্রেণি থেকে কামিল শ্রেণি** : কালো বোরকা, কালো ওড়না ও হালকা আকাশী কালার স্কার্ফ। এবং নেভী ব্লু সোয়েটার (শীতকালীন)

- ❖ কালো বোরকা, কালো ওড়না ও হালকা আকাশী কালার স্কার্প। (শীতকাল ব্যতীত স্কার্প।

**ছাত্রদের জন্য : শিশু থেকে ৫ম শ্রেণি** : সাদা পাঞ্জাবী, সাদা পায়জামা, সাদা শক্ত গোলটুপি, সাদা কেডস্ ও সাদা মোজা।

## আবাসিক ব্যবস্থাপনা

একজন ছাত্রীকে প্রকৃত যোগ্যতাসম্পন্ন করে গড়ে তুলতে প্রয়োজন নিয়মিত ও সার্বক্ষণিক তত্ত্বাবধান। এজন্য আমাদের রয়েছে এক মনোরম আবাসিক ব্যবস্থাপনা।

## আবাসিকের বৈশিষ্ট্যসমূহ

- ❖ অধ্যয়ন ও আমল-আখলাকের প্রতি বিশেষ নজরদারী।
- ❖ নিয়মিত শ্রেণিভিত্তিক কোচিং।
- ❖ হাউজ টিউটরদের তত্ত্বাবধানে সন্ধ্যার পর বিশেষ ক্লাস।
- ❖ তিনবেলা স্বাস্থ্যসম্মত রুটিন মাফিক খাবার ও একবেলা টিফিন।
- ❖ পঞ্চম শ্রেণি থেকে কামিল পর্যন্ত আবাসিকে ছাত্রী ভর্তির সুযোগ।
- ❖ ২৪ ঘণ্টার সুনির্দিষ্ট রুটিন অনুসরণ।
- ❖ পাঁচ ওয়াক্ত সালাত জামায়াতে পড়ার ব্যবস্থা

## আবাসিকের নিয়মাবলি

- ❖ খাট, চেয়ার ও টেবিল প্রতিষ্ঠান থেকে সরবরাহ করা হয়ে থাকে। ভর্তির সময় থেকে কমপক্ষে তিন মাস থাকতে হবে, অন্যথায় জামানতের টাকা ফেরত পাবে না।
- ❖ প্রত্যেক চলতি মাসের ০৫ তারিখের মধ্যে যাবতীয় প্রাপ্য পরিশোধ করতে হবে।
- ❖ ছাত্রীনিবাসের নিয়মানুযায়ী দৈনন্দিন খাবার, লেখাপড়া, নামায ইত্যাদি সম্পন্ন করতে হবে।
- ❖ অনুমতি গ্রহণ ব্যতীত ছাত্রীনিবাসের বাইরে যাওয়া যাবে না এবং অভিভাবক ছাড়া বাড়িতে যাওয়া যাবে না।
- ❖ বাড়ি যেতে হলে ছুটি নিয়ে যেতে হবে এবং রেজিস্টার খাতায় নাম লিখে যাবে। ছুটি থেকে এসে আসার তারিখ ও সময় লিখতে হবে।
- ❖ হোস্টেলে মোবাইল ফোন রাখা সম্পূর্ণ নিষেধ। আবাসিক ইনচার্জের ফোনের মাধ্যমে অভিভাবকদের সাথে কথা বলা যাবে।
- ❖ অভিভাবকদের সাথে সাক্ষাতের সময় বিকাল ৪-৬টা এবং শুক্রবার সারাদিন। সন্ধ্যার পর কোনো অভিভাবকের সাক্ষাৎ কিংবা বাইরে যাওয়া যাবে না।
- ❖ মাসে সাধারণতঃ দুই দিন ছুটি গ্রহণ করা যাবে।
- ❖ মাদরাসার ক্লাস চলাকালীন সময়ে হোস্টেলে অবস্থান করা যাবে না।
- ❖ মাদরাসা ও হোস্টেলের কোনো সম্পদ নষ্ট কিংবা অপচয় করা যাবে না।
- ❖ অন্য ছাত্রীদের জিনিসপত্র তার অনুমতি ব্যতীত ব্যবহার করা যাবে না।
- ❖ কোনো অভিভাবক ও মেহমানদের ছাত্রীনিবাসের অভ্যন্তরে নেয়া যাবে না।
- ❖ ছাত্রীনিবাসের বাইরে যেতে চাইলে অবশ্যই আবাসিক ইনচার্জের কাছ থেকে স্লিপ নিতে হবে।
- ❖ হোস্টেলের মাসিক চার্জ : প্রতি মাসে ৪০০০/- ভর্তির সময় জামানত বাবদ (ফেরতযোগ্য) ১,০০০/- টাকা প্রদান করতে হবে।
- ❖ শুধুমাত্র অভিভাবকের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিরাই সাক্ষাৎ করতে পারবেন।

## গ্রন্থাগার

অত্র মাদরাসায় ডাঃ আবুল কাশেম ফাউন্ডেশনের উদ্যোগে একটি পাঠাগারসহ মাদরাসার নিজস্ব লাইব্রেরীতে অনেক ইসলামি বইয়ের সমারোহ রয়েছে।শিক্ষার্থীদের সেখান থেকে পছন্দ মতো বই নিয়ে অধ্যয়ন করার সুযোগ রয়েছে।